

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর প্রম/নিয়োগ/২০১২/ডি-১১/৭০৯

তারিখ : ২৩ বৈশাখ ১৪২৫/ ০৬ মে ২০১৮

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৬ মার্চ ২০১৪ তারিখের এস.আরও নম্বর ৩৪-আইন/২০১৪ এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৯ এপ্রিল ২০১৮ তারিখের ৮০.১০৩.০১২.০০.০০.০৪.২০১৬.৩২ সংখ্যক স্মারকে প্রদত্ত সুপারিশ অনুসারে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পদোন্নতির কোটায় পূরণযোগ্য প্রশাসনিক কর্মকর্তার স্থায়ী শূন্যপদে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত ৩(তিন)জন কর্মচারীকে প্রশাসনিক কর্মকর্তা পদে নিম্নবর্ণিতভাবে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডের ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা বেতনক্রমে অস্থায়ী ভিত্তিতে কতিপয় শর্ত পরিপালন সাপেক্ষে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রমিক নং	বর্তমান নাম ও পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম
১	জনাব মোহাম্মদ রেজাউল করিম অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	প্রশাসনিক কর্মকর্তা
২	জনাব আখিম ফকির অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	-ঐ-
৩	জনাব মোহাম্মদ আবুল হাসান দিপু অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	-ঐ-

শর্তাবলী:


(ক) “বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪-এর ৬(১)(খ) বিধি মোতাবেক তাঁরা অস্থায়ীভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত প্রশাসনিক কর্মকর্তা পদে ০১(এক) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকাল অতিরিক্ত আরও ০১(এক) বছর বৃদ্ধি করতে পারবেন;

(খ) সরকারের প্রচলিত বিধি অনুযায়ী শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং নিয়োগ বিধিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;

(খ) শিক্ষানবিশ থাকাকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে কর্তৃপক্ষ তাঁদের পূর্বতন পদে প্রত্যাবর্তন (revert) করতে পারবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,




(মোঃ মনিরুল ইসলাম)

উপসচিব (৩)

ফোন: ৯১১৩৩১৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নর্থা):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(প্রজ্ঞাপনটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, এইচবিএফসি ভবন, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। উপসচিব (অধিশাখা-৩)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। জনাব মোহাম্মদ রেজাউল করিম, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। জনাব আখিম ফকির, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। জনাব মোহাম্মদ আবুল হাসান দিপু, প্রশাসনিক কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।


৫. ৫. ১৮

(আসমা মোজাশ্মেল)

সিনিয়র সহকারী সচিব (ডি-১১)

ফোন: ৯১১৩০০৬